

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৯.১৯-২৩০

তারিখঃ ০৫ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ  
২২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ আউটসোর্সিংয়ের মাধ্যমে সেবা ক্রয়ের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরধীন সকল প্রতিষ্ঠান/হাসপাতালে আউটসোর্সিংয়ের ভিত্তিতে ৪র্থ শ্রেণির জনবলের সেবা ক্রয়ের জন্য এসকল প্রতিষ্ঠানকে নির্দিষ্ট সময়ের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ প্রতিষ্ঠান যথাসময়ে আউটসোর্সিংয়ের প্রস্তাব প্রেরণ না করায় অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ করে প্রশাসনিক অনুমোদন প্রদানে বিলম্ব হচ্ছে। এতে এসকল প্রতিষ্ঠান/হাসপাতালে কর্মরত কর্মচারীদের সঠিক সময়ে বেতন-ভাতা প্রদান করা সম্ভব হয় না এবং হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ দৈনন্দিন কর্মকাণ্ডে ব্যাঘাত ঘটে।

০২। এমতাবস্থায়, আউটসোর্সিংয়ের ভিত্তিতে সেবা ক্রয়ের লক্ষ্যে বর্তমান প্রশাসনিক অনুমোদনের মেয়াদ শেষ হওয়ার অন্যান্য ০৬ মাস পূর্বে ঠিকাদারি প্রতিষ্ঠানের সঙ্গে স্বাক্ষরিত চুক্তির কপি ও আনুষঙ্গিক অন্যান্য কাগজপত্রসহ স্বাস্থ্য সেবা বিভাগে প্রস্তাব প্রেরণ এবং আউটসোর্সিংয়ের ভিত্তিতে সেবা ক্রয়ের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতা দেখা দিলে এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

৫/২/২০২০  
(মোঃ শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
admin1@hds.gov.bd

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
- ২। পরিচালক (স্বাস্থ্য), ..... বিভাগ (সকল)।
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক, ..... হাসপাতাল (সকল)।
- ৪। সিভিল সার্জন, ..... (সকল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ..... (সকল)।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলকে ই-মেইলের মাধ্যমে অবগতির অনুরোধসহ)।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।